

প্রশিক্ষণ কেন্দ্রে কাঠের দরজা, জানালা ও অন্যান্য কাঠ সামগ্রী সরবরাহের জন্য অভিজ্ঞ সরবরাহকারী/ঠিকাদারের জন্য দরপত্র আহবান।

বাদাবন সংঘ হতে ভেডেছা, বাদাবন সংঘ একটি নারী অধিকার ভিত্তিক সংগঠন। নারীদের আর্থ-সামাজিক উন্নয়নে কাজ করছে। বিস্তারিত জানতে www.badabonsnagho.org ভিজিট করুন। বাদাবন সংঘ'র প্রশিক্ষণ কেন্দ্রের চারতলা ভবনের কাঠের দরজা, জানালা সরবরাহ ও ফিটিংস/ফিন্ডার এবং কাঠের ব্যবহার আছে এমন বিভিন্ন ধরনের কাজ করার জন্য অভিজ্ঞ সরবরাহকারী/ঠিকাদারের নিকট হতে দরপত্র আহবান করা যাচ্ছে।

চারতলা ভবনের কাঠের কাজের বিবরণ নিম্নে দেওয়া হলো:

বাদাবন সংঘ'র প্রশিক্ষণ কেন্দ্রের নকশা অনুযায়ী চারতলা বিশিষ্ট ভবনের ১ম, ২য়, ৩য় ও ৪র্থ তলার প্রত্যেক রুম, রান্নাঘর, ছাদ ইত্যাদিতে কাঠের দরজা, জানালা, লুবার ও ফ্রেম ইত্যাদি সরবরাহ করা এবং স্থাপন করা হবে।

আইটেমের নাম	ডি-১	ডি-২	ডি-৩	ডি-৪	ডি-৫	ডি-৬	ডি-৭	ডি-৮	ডি-৯	ডি-১০	মোট
দরজা	২	৪	১	১	১৪	৬	২	১৪	৫		৪৯
আইটেমের নাম	ডব্লিউ-১	ডব্লিউ-২	ডব্লিউ-৩	এস ডব্লিউ-৫	ডব্লিউ-৬	এইচ ডব্লিউ-৭	এস ডব্লিউ-৮	এইচ ডব্লিউ-৯	ডব্লিউ-১০	এইচ ডব্লিউ	
জানালা	১	২	১	১	৩	৩	৩	৬	১৬	১	৩৭

এছাড়া ছোট বড় (বিভিন্ন সাইজের) প্রায় উনিশটি লুবার সরবরাহ করতে হবে।

দরপত্র জমাদানের পদ্ধতি ও শর্তাবলি:

নিম্নে শ্রমিক ঠিকাদারের যোগ্যতা, দরপত্র জমাদানের পদ্ধতি, বিল পরিশোধের ধরণ ও শর্তাবলি প্রদান করা হলো:

• **ঠিকাদারের যোগ্যতা:**

দালানের রুচিসম্মত জানালা ও দরজার সামগ্রী সরবরাহ করার জন্য ঠিকাদারের ন্যূনতম ০৫ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। মানসম্মত কাজ করার জন্য প্রয়োজনীয় যন্ত্রপাতি ও ফ্যাক্টরী থাকতে হবে। কমপক্ষে ০৫ জন মিস্ত্রী ও ১০ জন শ্রমিক একসাথে ধারাবাহিকভাবে কাজ করার নিশ্চয়তা ও ফ্যাক্টরী থাকতে হবে। নকশা অনুযায়ী জানালা, দরজা ও লুবারের কাজ করার মত পর্যাপ্ত পরিমাণ কাঠের যোগান দেবার সামর্থ্য থাকতে হবে। নির্ধারিত সময়ে কাজ শেষ করার মন মানসিকতা থাকতে হবে।

• **দরপত্র জমাদানের পদ্ধতি ও শেষ তারিখ:**

অগ্রহী ঠিকাদার আগামী ৩০/১১/২০২৪ তারিখে বিকাল ৫টার মধ্যে বাদাবন সংঘ'র ঢাকা অফিসে (৯/১২, ব্লক-ডি, লালমাটিয়া, ঢাকা-১২০৭) বা ইমেইলে (procurement.badabonsangho@gmail.com) দরপত্র জমাদানের জন্য অনুরোধ করা হলো। ঠিকাদারের ট্রেড লাইসেন্স, টিন, বিন ও ব্যাংক এ্যাকাউন্ট থাকতে হবে এবং দরপত্রের সাথে সংযুক্ত করতে হবে। প্রদানকৃত ডিজাইন/মাপ অনুযায়ী দরজা ফ্রেমসহ, জানালা ফ্রেমসহ ও লুবার ফ্রেমসহ দরপত্র প্রদান করবেন। প্রয়োজনে প্রশিক্ষণ কেন্দ্র পরিদর্শন করতে হবে। ঠিকাদার প্রতিষ্ঠানের নিজস্ব প্যাডে দরপত্র প্রদান করবে।

শর্তাবলি:

- চারতলা ভবনের কাঠের বিভিন্ন ধরনের কাজের গুণগত মান বজায় রেখে কাজ করতে হবে এবং ফিটিংস/ফিন্ডার সুন্দরভাবে করতে হবে। দরজা, জানালা, লোবার ও ফ্রেম মানসম্মত ও টেকসই কাঠের দ্বারা তৈরী করে নির্দিষ্ট সময়ের মধ্যে বাদাবন সংঘ'র রাখালগাঁও প্রশিক্ষণ কেন্দ্র, বাগেরহাটে সরবরাহ নিশ্চিত করতে হবে।
- প্রশিক্ষণ কেন্দ্রের নকশা অনুযায়ী কাঠের বিভিন্ন ধরনের কাজের সমাধান করতে হবে। সার্বক্ষণিক ইঞ্জিনিয়ারের তত্ত্বাবধানে কাজ করতে হবে।

- ৩) ঠিকাদার কাজ করার জন্য প্রয়োজনীয় যন্ত্রপাতির নিশ্চিত করবে। অবশ্যই দরজা, জানালা, ফ্রেম ইত্যাদি তৈরীতে মেহগুনি সারি কাঠের ব্যবহার নিশ্চিত করতে হবে।
- ৪) প্রয়োজনে শ্রমিকদের থাকার ব্যবস্থা বাদাবন সংঘ করবে এবং খাবার ব্যবস্থা ঠিকাদার নিজ দায়িত্বে করবে।
- ৫) ঠিকাদারের নিজস্ব ব্যাংক এ্যাকাউন্টে এ্যাকাউন্ট-পে চেকের মাধ্যমে কাজের বিল পরিশোধ করা হবে। কোন প্রকার অগ্রীম অর্থ প্রদান করা হবে না। ঠিকাদার চাইলে প্রতি মাস শেষে সমাপ্ত কাজের পরিমাণ করে মূল্য পরিশোধ করা হবে।
- ৬) ভ্যাট ও ট্যাক্স সরকারি নিয়ম অনুযায়ী বাদাবন সংঘ বিল হতে কর্তন করে সরকারী কোষাগারে জমা দিবে।
- ৭) নীতিগত শর্তাবলীঃ প্রকল্প এলাকায় অবস্থানকালে বা কাজ চলাকালীন মিস্ত্রী, শ্রমিকদের সব রকম অনৈতিক ও অসামাজিক কার্য থেকে বিরত থাকতে হবে অন্যথায় কার্যাদেশ বাতিলপূর্বক আইনের আশ্রয় গ্রহণ করা হবে।
- ৮) আচরণ বিধি: ঠিকাদার শ্রমিকদের অধিকার, শিশু শ্রম, পরিবেশগত সমস্যা সম্পর্কিত রাত্তরীয় শ্রম আইন এবং প্রবিধানগুলিকে সমর্থন করবে মর্মে অঙ্গিকার করছে।
- ৯) মানি লভারিং এবং সন্ত্রাসী অর্থায়ন কার্যক্রম: ঠিকাদার মানি লভারিং, ঘুষ ও দুর্নীতি বিরোধী এবং সন্ত্রাসী অর্থায়ন কার্যক্রম সংক্রান্ত সরকারি আইন-কানুন মেনে চলতে হবে মর্মে অঙ্গিকার করছে।

দরপত্র প্রদানের জন্য ফর্মসেট:

প্রতিষ্ঠানের নাম :
 রেজিস্ট্রেশনের বিস্তারিত:
 ডেলিভারীর তারিখ:
 অন্যান্য শর্ত:
 অভিজ্ঞতার বর্ণনা:

আইটেমের নাম (যেমন- দরজা/জানালা/লুবার)	আইটেমের মাপ ও কাঠের বর্ণনা	আইটেম প্রতি দর	মোট দাম	মন্তব্য

ক্রয় কমিটির সদস্যগণ
 বাদাবন সংঘ
 ইমেইল: procurement.badabonsangho@gmail.com